

FOR HONOURS STUDENT 4TH SEM ONLY

# ***STUDY MATERIAL/CLASS NOTE NO – 03***

## **E- LEARNING RESOURCES/ BHATTER COLLEGE,DANTAN**

**SUBJECT- POLITICAL SCIENCE HONOURS**

**CLASS - B.A HONOURS 4TH SEMESTER [ CBCS]**

**NAME – PROF. LAKSHMAN BHATTA**

**TOPIC – HISTORICAL CONTEXTS OF EMERGENCE  
OF THE PARTY SYSTEM**

**PAPER – CC-8/C8T**

**UNIT-3 PARTY SYSTEM**

### **SOURCE ;**

- 1] POLITICAL PARTIES AND PARTY SYSTEMS – A. J. WARE
- 2] PARTIES AND PARTY SYSTEMS – GIOVANNI SARTORI
- 3] DEMOCRACY AND THE CARTELIZATION OF POLITICAL PARTIES [COMPARATIVE POLITICS ] –RICHARD S . KATZ
- 4 ]THEORY OF PARTIES - HOPKINGS

## **HISTORICAL CONTEXTS OF EMERGENCE OF THE PARTY SYSTEM**

রাষ্ট্রের উদ্ভবের সময় থেকেই রাষ্ট্রক্ষমতা দখল অথবা ক্ষমতাসীনদের অত্যাচারের বিরুদ্ধে মানুষ নানাভাবে সংগ্রাম করেছে। শক্তিদরদের এক গোষ্ঠী আরেক গোষ্ঠীর স্থলাভিষিক্ত হয়েছে। বিদ্রোহ-বিপ্লব হয়েছে। কিন্তু সাধারণ মানুষ রাষ্ট্রক্ষমতা দখল করতে পারেনি। তাদের না ছিল সংগঠন, সুনির্দিষ্ট রাজনৈতিক লক্ষ্য, আদর্শ ও কর্মসূচি। কিন্তু অষ্টাদশ শতক থেকেই এই অবস্থার পরিবর্তন সূচিত হয়। গড়ে ওঠে সংগঠিত রাজনৈতিক দল। সূচনাকালে অর্থাৎ অষ্টাদশ শতকে রাজা বা রাজানুগত আইনসভাকে পরামর্শ দেওয়াই ছিল বিভিন্ন রাজনৈতিক গোষ্ঠীর কাজ।

অষ্টাদশ শতকে এভাবে বিশ্বের প্রথম আধুনিক রাজনৈতিক দল হিসেবে ইংল্যান্ডে 'হুইগ' ও 'টোরি' পার্টি আত্মপ্রকাশ করে। ১৭৮৮ সালে সংবিধান গ্রহণের পর যুক্তরাষ্ট্রে 'ফেডারেলিস্ট পার্টি' ও ডেমোক্রেটিকরিপাবলিকান পার্টি বৈধতা অর্জন করে। ১৭৭০ সালে এডমন্ড বার্ক, ১৮১৬ সালে বেনজামিন কনস্টান্ট পরবর্তীকালে ম্যাক্স ওয়েবার, ভ্লাদিমির ইলিচ লেনিন সহ আধুনিক রাষ্ট্রবিজ্ঞানী ও দার্শনিকগণ নানাভাবে রাজনৈতিক দলকে সংজ্ঞায়িত করেছেন। এডমন্ড বার্কের মতে, রাজনৈতিক দল হচ্ছে 'একটি জনগোষ্ঠীর সংগঠিত স্বেচ্ছামূলক সমিতি যারা নির্দিষ্ট সম্মত নীতিমালার ভিত্তিতে জাতীয় স্বার্থ রক্ষার জন্য ঐক্যবদ্ধভাবে কাজ করে।' রাজনৈতিক দল সম্পর্কে মার্কসবাদীদের মত হচ্ছে, শ্রেণিবিভক্ত সমাজে রাষ্ট্রে প্রতিটি শ্রেণিরই নিজস্ব শ্রেণিস্বার্থ, দর্শন ও দৃষ্টিভঙ্গি আছে। আর শ্রেণি সংগ্রামই যেহেতু সমাজ বিকাশের নিয়ামক, সে কারণে প্রতিটি শ্রেণিই যার যার শ্রেণিস্বার্থ রক্ষায় রাষ্ট্রক্ষমতা দখলের লক্ষ্যে এক বা একাধিক রাজনৈতিক দল গড়ে তোলে। অর্থাৎ প্রতিটি রাজনৈতিক দল কোনো না কোনো শ্রেণির স্বার্থের প্রতিনিধি।

বস্তুত একটি বহুত্ববাদী গণতান্ত্রিক সমাজে রাষ্ট্র, রাজনীতি, সমাজ, অর্থনীতি, ধর্ম সংস্কৃতি প্রভৃতি বিষয়ে যেসব ধারণা, মতাদর্শ এবং সমস্বার্থবোধ গড়ে ওঠে আধুনিক রাজনৈতিক দলগুলো সেই বৈচিত্র্য ও স্বাতন্ত্র্যকে ধারণ করেই গড়ে ওঠে। প্রতিটি রাজনৈতিক দলগুলো হচ্ছে অভিন্ন মতাদর্শের অনুসারী, একই লক্ষ্যাবিসারী এবং নিজ নিজ অভিন্ন কর্মসূচি রূপায়ণের লক্ষ্যে সমাজের ভিন্ন ভিন্ন অংশের বা শ্রেণির (একাধিক শ্রেণিরও বটে) ইচ্ছা, আশা-আকাঙ্ক্ষারূপায়ণের এবং শেষ বিচারে রাষ্ট্রক্ষমতা দখলের স্বেচ্ছামূলক সমিতি বা সংগঠন।

রাজনৈতিক দল হ'ল একটি সংগঠিত গোষ্ঠী যাদের একটি মতাদর্শ রয়েছে, বা যাদের একটি রাজনৈতিক অবস্থান রয়েছে এবং যারা নির্বাচনের জন্য প্রার্থী রেখেছেন, তাদের নির্বাচিত করার জন্য এবং এর মাধ্যমে দলের এজেন্ডা বাস্তবায়ন করেন।

রাজনৈতিক দলগুলি যেভাবে স্বীকৃত হয় এবং কীভাবে তারা পরিচালনা করে সে ক্ষেত্রে কিছু আন্তর্জাতিক নিয়ম রয়েছে, তবে প্রায়শই অনেক পার্থক্য দেখা যায় এবং তা কিছুটা তাৎপর্যপূর্ণ। বেশিরভাগ রাজনৈতিক দলেরই একটি আদর্শ থাকে, তবে কিছু কিছু থাকে না এবং অনেকেরই দলটি প্রতিষ্ঠিত হওয়ার সময় তাদের মতাদর্শের থেকে খুব আলাদা মতাদর্শের প্রতিনিধিত্ব করে। জার্মানি এবং ভারতের মতো অনেক দেশেই বেশ কয়েকটি উল্লেখযোগ্য রাজনৈতিক দল রয়েছে এবং কয়েকটি দেশে চীন এবং কিউবার মতো একটি দলীয় ব্যবস্থা রয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্র একটি দ্বি-দলীয় পদ্ধতিতে অনুশীলন করছে তবে অনেক ছোট দলও এতে অংশ নিয়েছে।

\*\*\*\*\* **NEXT PART-** ঐতিহাসিক প্রেক্ষাপট; HISTORICAL CONTEXT - [ NEXT WEEK ]